যুগান্তর

তারিখ 19 AUG 2016
পৃষ্ঠা ৩ কলাম

# মাদ্রাসা বোর্ডে কমেছে পাসের হার

যুগান্তর রিপোর্ট

এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় মাদ্রাসা শিক্ষা বোর্ডে পরীক্ষার্থী গত বছরের তুলনায় বাড়লেও কমেছে পাসের হার। বৃহস্পতিবার প্রকাশিত ফলাফলে দেখা যায়, আলিম পরীক্ষায় পাসের হার ৮৮ দশমিক ১৯ শতাংশ। ২০১৫ সালে এ হার ছিল ৯০ দশমিক ১৯ শতাংশ।

এবার আলিমে নিবন্ধিত ৯১ হাজার ৫৭০ শিক্ষার্থীর মধ্যে পরীক্ষায় অংশ নেয় ৮৯ হাজার ৬০৩ জন। পাস করেছে ৭৯ হাজার ২০ জন। নিবন্ধিত শিক্ষার্থীর মধ্যে ছাত্র ছিল ৫২ হাজার ৬০৩ জন এবং ছাত্রী ৩৮ হাজার ৯৬৭ জন। গত বছর এ পরীক্ষায় পাস করে ৭৪ হাজার ৪৬১ জন। এ বছর মাদ্রাসা বোর্ডে জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থী

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## মাদ্রাসা বোর্ডে কমেছে পাসের হার

(৩য় পৃষ্ঠার পর)

বেড়েছে। জিপিএ-৫ পেয়েছে দুই হাজার ৪১৪ জন। গত বছর ছিল এক হাজার ৪৩৫ জন।

সাধারণ, বিজ্ঞান এবং মুজাব্বিদ এ তিন বিভাগে মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষা হয়। এর মধ্যে সাধারণে অংশ নেয় ৮৪ হাজার ৪২৯ জন, বিজ্ঞানে ৬ হাজার ৯৭৪ জন এবং মুজাব্বিদে ১৬৭ জন।

এ বোর্ডে পাসের হার ছিল ২০১১ সালে ৮৯ দশমিক ৭৭ শতাংশ, ২০১২ সালে ৯১ দশমিক ৭৯ শতাংশ, ২০১৩ সালে ৯১ দশমিক ৪৭ শতাংশ এবং ২০১৪ সালে ৯৪ দশমিক ০৯ শতাংশ। ২০১০ সালে এ বোর্ডে জিপিএ ৫ পায় ২ হাজার ৯৬৪ জন, ২০১১ সালে ৪ হাজার ২৯১ জন, ২০১২, সালে ৭ হাজার ০৬৬ জন, ২০১৩ সালে ৬ হাজার ০১৬ জন, ২০১৪ সালে ৬ হাজার ০৩৯ জন এবং ২০১৫ সালে ১ হাজার ৪৩৫ জন।